



তথ্যবিবরণী

নম্বর-২৭১

রাজশাহীর পুঠিয়া, দুর্গাপুর এবং বাগমারায় শান্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণ সম্পন্ন

রাজশাহী, ০৭ জ্যৈষ্ঠ (২১ মে):

আজ মঙ্গলবার (২১ মে) রাজশাহীর পুঠিয়া, দুর্গাপুর এবং বাগমারা উপজেলায় দুই-একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া '৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের' দ্বিতীয় ধাপের ভোট গ্রহণ শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।

আইন-শৃঙ্খলাবাহিনীর কঠোর নিরাপত্তায় সকাল আটটা থেকে শুরু হয়ে বিকাল চারটা পর্যন্ত ভোট গ্রহণ করা হয়। সকাল থেকেই উপজেলার ভোট কেন্দ্রগুলোতে ভোটারদের উৎসবমুখর উপস্থিতি ছিল।

এবার দ্বিতীয় ধাপে পুঠিয়া উপজেলায় চেয়ারম্যান পদে ৩ জন, ভাইস চেয়ারম্যান পদে ৩ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। এ উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৭৮টি, ভোট কক্ষ ৫ শত ১৩টি এবং মোট ভোটার ১ লক্ষ ৮১ হাজার ৯ শত ৯৮ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৯১ হাজার ৮ শত ৬২ জন ও নারী ভোটার ৯০ হাজার ১ শত ৩৬ জন।

দুর্গাপুর উপজেলায় চেয়ারম্যান পদে ২ জন, ভাইস চেয়ারম্যান পদে ৩ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। এ উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৬৭টি, ভোট কক্ষ ৪ শত ৭২টি এবং মোট ভোটার ১ লক্ষ ৫৯ হাজার ৯ শত ৩২ জন। এ উপজেলার মোট ভোটারের মধ্যে পুরুষ ভোটার ৮০ হাজার ৫১ জন ও নারী ভোটার ৭৯ হাজার ৮ শত ৮১ জন।

অন্যদিকে বাগমারা উপজেলায় ভাইস চেয়ারম্যান পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ায় শুধু চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। চেয়ারম্যান পদে ৩ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। এ উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ১ শত ২২টি, ভোট কক্ষ ৭ শত ৪৭টি। মোট ভোটার ৩ লক্ষ ১০ হাজার ৯ শত ৭১ জন। এ উপজেলার মোট ভোটারের মধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ ৫৬ হাজার ৫ শত ৮২জন ও নারী ভোটার ১ লক্ষ ৫৪ হাজার ৩ শত ৮৯ জন।

সাধারণ ভোট কেন্দ্রগুলোর পাশাপাশি গুরুত্বপূর্ণ ভোট কেন্দ্রগুলোতে ছিলো পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা। যেকোনো অপ্রীতিকর পরিস্থিতিতে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণের জন্য সদাপ্রস্তুত ছিল জেলা প্রশাসনের ড্রাম্যাগাণ আদালত। ভোট কেন্দ্রগুলোতে পুলিশ, বিজিবি, এবং র্যাবের পাশাপাশি আনসার সদস্যরা দায়িত্ব পালন করেন।

উপজেলার প্রতিটি গুরুত্বপূর্ণ স্থানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা গেছে।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৬.১০ঘ.